

সূত্র

প্রিন্ট: ২২ জুন ২০২৫, ০৪:১৩ পিএম

সারাদেশ

রাজশাহী বোর্ড

এইচএসসিতে বারে পড়ল ২৫ শতাংশ শিক্ষার্থী



রাজশাহী ব্যুরো

প্রকাশ: ২১ জুন ২০২৫, ০৪:১৭ পিএম



রাজশাহী বিভাগে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পর্যায়ে এসে বারে পড়েছে শিক্ষার্থীরা। বাড়তে বাড়তে এ হার গিয়ে ঠেকেছে ২৫ শতাংশে। এর জন্য চাকরি ও বিয়েকে দুঃখের সংশ্লিষ্টরা।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরিসংখ্যান অনুযায়ী, একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছিলেন এক লাখ ৫২ হাজার ৮৫৯ শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ৭৫ হাজার ২০৬ জন ও ছাত্রী ৭৭ হাজার ৬৫৩ জন। তবে, এইচএসসি পরীক্ষার জন্য নিবন্ধন করে এক লাখ ১৪ হাজার ৩০৫ শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ৫৬ হাজার ৩৭০ ও ছাত্রী ৫৭ হাজার ৯৩৫ জন।

শিক্ষা বোর্ডের তথ্যমতে, ভর্তি হলেও এইচএসসি পরীক্ষার জন্য নিবন্ধন করেনি ৩৮ হাজার ৫৫৪ শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ১৮ হাজার ৮৩৬ ও ছাত্রী ১৯ হাজার ৭১৮ জন। ছাত্রদের ঝরে পড়ার হার ২৫ দশমিক শূন্য পাঁচ শতাংশ। ছাত্রীদের ঝরে পড়ার হার ২৫ দশমিক ৩৯ শতাংশ। ঝরে পড়ার গড় হার ২৫ দশমিক ২২ শতাংশ। গত বছর শিক্ষার্থীদের ঝরে পড়ার হার ছিল ২৩ দশমিক ৭০ শতাংশ। গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে ৪ হাজার ৫৪৪ জন।

কেন শিক্ষার্থীরা ঝরে পড়ছে এমন প্রশ্নে রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আ.ন.ম মোফাখখারুল ইসলাম বলেন, ‘এসএসসি পাসের পর সবাই ভর্তি হয়। ভর্তির পর অনেক দরিদ্র অনেক ছেলে-মেয়ে গার্মেন্টেসের মতো ছোটখাট কাজের জন্য চলে যায়। পরীক্ষার আগে আগে এসে তারা নিবন্ধন করতে চায়। কিন্তু তখন আর তারা সুযোগ পায় না। মেয়েদের অনেকের আবার বিয়ে হয়ে যায়। তারা আসতে পারে না। ফলে এইচএসসিতে এই ঝরে পড়ার ঘটনা ঘটে।’

তিনি আরও বলেন, ‘ঝরে পড়া নিয়ে সুনির্দিষ্ট কোনো গবেষণা নেই। তবে আমরা সাধারণত এ দুটি কারণকেই প্রধান বলে মনে করি। প্রত্যেক বছরই কিছু না কিছু ঝরে পড়ার ঘটনা ঘটে।’